# এপ্রিল ২০২৩মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৭.০৪.২০২৩খ্রি.

সময় ঃ দুপুর ১১.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর কর্তৃক উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

মার্চ ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় মার্চ ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে মার্চ ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া গেছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিভাগীয় আলোচনা**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বোরো ধান ২% কর্তন হয়েছে পরিপক্ক হয়েছে ৫০%। ফলন ভাল হয়েছে। বিঘা প্রতি ১৮-২২ মন ধান হয়েছে। ধানের রোগ বালাই ছিল না এবং ফলন ভাল হয়েছে। মে ২০২৩ মাসের ২য় সপ্তাহে ঝড় হতে পারে মর্মে আবহাওয়া দপ্তর জানিয়েছে। সে কারণে ধান পাকলেই দ্রুত কাটতে হবে। ১৫০ হেঃ জমিতে ভূট্টা আবাদ হয়েছে। ভূট্টার ফলনও ভাল হয়েছে। বিরামপুর উপজেলায় আউশ ধানের আবাদ কম হওয়ায় কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে। এতে এ উপজেলায় ধানের উৎপাদন বাড়বে। ৪৪৫ হেঃ জমিতে সবজির আবাদ হয়েছে। কোন দুর্যোগ না হলে সবজির ফলনও ভাল হবে। **জেলা প্রশাসক সম্মেলন ২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনার মধ্যে ১ নম্বর নির্দেশনা “খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। পতিত জমিতে ফসল ফলাতে হবে। কোনো জমি যেন অনাবাদি না থাকে সে লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।”** এ নির্দেশনার আলোকে অনাবাদী জমিতে ফসল ফলানোর উদ্যোগ নিতে হবে। উপজেলা পরিষদের যে বাসায় তিনি অবস্থান করছেন সেখান থেকেই এটির সূচনা করবেন মর্মে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও উল্লেখ করেন যে, এ উপজেলায় যোগদান করার পর হতে তার সরকারি বাসভবন ক্ষণিকালয়ের ভিতর ও বাহিরে শাক, সবজি, ফুলসহ নানা রকম গাছ লাগিয়েছেন। এতে যেমন সৌন্দর্য্য বর্ধন হয়েছে আবার বিষমুক্ত সবজি খাওয়া হচ্ছে। তিনি প্রধানমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়ে সবাইকে এ উদ্যোগে শামিল হওয়ার জন্য অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. অনাবাদী জমিতে ফসল ফলানোর উদ্যোগ গ্রহণের জন্য সবাইকে অনুরোধ করা হয়।<br>৩. বোরো ধান যেন কৃষকগণ ভালোভাবে ঘরে তুলতে পারে সেদিকে সচেতন থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর।<br>২. উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা<br>৩. চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | ডাঃ আব্দুল্লাহ আল ইফরান উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর হিসেবে একমাস আগে যোগদান করেছেন। তবে এটি তার প্রথম সভা। তিনি সবার সাথে পরিচিত হন। তিনি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২টি IPS এবং ২টি IPS এর ব্যাটারী জরুরীভিত্তিতে প্রয়োজন। জেনারেটর আছে কিন্তু তেলের বরাদ্দ নেই। এ ছাড়াও ফ্যানের সমস্যা আছে। ৬ টি ফ্যান প্রয়োজন। এ্যাম্বুলেন্স ২টি থাকলেও ১টি নষ্ট, চালক একজন। আলট্রাসনোগ্রাম মেশিনও নষ্ট মেরামত করতে হবে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আগামী বরাদ্দ থেকে ১টি প্রকল্প নিয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সমস্যার সমাধান করার প্রত্যয় ব্যক্ত করেন চেয়ারম্যান, উপজেলা পরিষদ। সেইসাথে স্বাস্থ্যসেবার মান বাড়ানোর জন্য অনুরোধ করা হয়। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আগামী বরাদ্দ থেকে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরকে স্বাস্থ্যসেবার মান উন্নয়নে পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানাননো হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ক্ষুদ্র নৃ-তাত্বিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে ইতোমধ্যে ১৯২টি ভেড়া প্রদান করা হয়েছে। মোট ২৮৪টি পরিবারকে৫৬৮ টি ভেড়া প্রদান করা হবে। পরবর্তীতে হাঁস দেয়া হবে। গত এক মাসে ২৫৬৭টি গবাদি প্রাণির এবং ২৩৭৫৪টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়নি। কৃত্রিম প্রজনন ৪৩৭ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৮৩টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১০৫০০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ১,৫৫,০০০ মাত্রা। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প এ মাসে হয়নি এবং ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, তাপদাহের কারণে মাছের সমস্যা হচ্ছে। তবে কারিগরী সহায়তায় তাপমাত্রা ৩০-৩৫ ডিগ্রী সেলসিয়াসের মধ্যে আনা হয়েছে। চৈত্র-বৈশাখ মাসে ছোট যমুনা নদীতে পানি কমে যাওয়ায় নদীতে গ্যাস দিয়ে মাছ মারা হচ্ছে। এতে দেশী প্রজাতির মাছ বিলুপ্ত হয়ে যাচ্ছে। এটি প্রতিরোধ করতে হবে। তিনি মৎস্য আইনে মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ জানালে উপজেলা নির্বাহী অফিসার,বিরামপুর | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যে জায়গা চিহ্নিত করে জানানোর জন্য অনুরোধ করা হয়। | ১-২. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | জানান যে, কোথায় কোথায় সমস্যা হচ্ছে সে জায়গাগুলো চিহ্নিত করে জানানো হলে প্রয়োজনীয়তা সাপেক্ষে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। পুকুর খননের জন্য এখন পর্যন্ত কোন বরাদ্দ পাওয়া যায়নি মর্মে তিনি সভায় অবহিত করেন। | ৩. বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সরকারি পুকুরগুলো সংস্কার করার জন্য পুনরায় অনুরোধ করা হয়। | ৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি ডেপুটি জেনারেল ম্যানেজার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বর্তমানে ৫০% লোডশেডিং চলছে। মাসে সর্বোচ্চ ৯৪ মেঃওঃ বিদ্যুৎ চাহিদা তৈরী হয়েছিল। তবে ২০ এপ্রিল ২০২৩ থেকে বিদ্যুতের ঘাটতি কমেছে। বোরো ধানে সেচের প্রয়োজন শেষ হওয়ায় লোডশেডিং কমে আসবে। তারপর বিদ্যুৎ নিয়ন্ত্রণে আসবে। সাব-রেজিস্ট্রার, বিরামপুর, দিনাজপুর তার অফিসে বিদ্যুতের সমস্যার কারণে বিদ্যুৎ সংযোগ ফ্রন্ট ফিডার থেকে দেয়ার জন্য অনুরোধ করেন। সাব-রেজিস্ট্রার, বিরামপুরকে ফিডার পরিবর্তনের জন্য দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বরাবর একটি আবেদন করার জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার অনুরোধ করেন।<br>বিরামপুর উপজেলার আশ্রয়ণ প্রকল্পের আওতায় একক গৃহে উপজেলা নির্বাহী অফিসার স্বাক্ষরিত পত্র থাকলে বিদ্যুতের সংযোগ দেয়া হবে মর্মে তিনি সভায় অবহিত করেন। তিনি আরও উল্লেখ করেন যে, রতনপুর সাব-স্টেশন থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুর এবং উপজেলা পরিষদ, বিরামপুরে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ইকো থিম পার্কের উপর দিয়ে বিদ্যুতের যে তারগুলো গেছে সেগুলোতে নেট দেয়া যায় কি-না। এ প্রেক্ষিতে ডেপুটি জেনারেল ম্যানেজার জানান যে, ঝুকিঁপূর্ণ রেলগেট গুলোতে শুধুমাত্র নেট দেয়া হয়। তবে পরবর্তী পর্যায়ে কোন প্রকল্প আসলে তিনি তারগুলো উচু করার উদ্যাগ নিবেন। এবিষয়ে সার্ভে করার জন্য তার দপ্তর থেকে লোক পাঠাবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. জেনারেল ম্যানেজার দিপবিস্-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০ উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) এর আওতায় গৃহীত প্রকল্পনসমূহের কাজ চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) এবং রাজস্ব উদ্বৃত্ত দ্বারা গৃহীত প্রকল্পসমূহের কাজ চলমান। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১ বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১.উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২ বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সঠিকভাবে পরিচালিত হচ্ছে। এখনও গভীর নলকূপ চালু আছে। ২/১টিতে সমস্যা ছিল সেগুলার সমাধান করা হয়েছে। তবে কমান্ডি এলাকায় নতুন করে লাইসেন্স দেয়া যাবেনা। গত মৌসুমে ১৯টি ট্রান্সফরমার খুলে রাখা হয়েছিল। এবারও তাই করা হবে। সেচের প্রয়োজনে আবার সংযোগ দেয়া হবে। এতে চুরি প্রতিরোধ করা যাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. চুরি প্রতিরোধে ট্রান্সফরমার খুলে রাখার এবং প্রয়োজনে আবার সংযোগ দেয়ার জন্য বিএমডিএ-কে অনুরোধ করা হয়। | ১-২. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩ বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। ইদে আইন-শৃঙ্খলা পরিস্থিতি খুব ভাল ছিল। তবে ১৬ এপ্রিল ২০২৩ তারিখ ভোরে যাত্রীবাহী কোচ এবং সবজিবাহী মিনি ট্রাকের মুখোমুখি সংঘর্ষে উভয় গাড়ির চালক মারা যায়। ইদের আগে এমন দুর্ঘটনা ঘটায় ইদের দিন অধিক সতর্ক থাকার কারণে কোন দুর্ঘটনা ঘটেনি। তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। নিয়মিত বিদ্যালয় পরিদর্শন কাজ অব্যাহত রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১-২. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম চলমান। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। শিক্ষা প্রতিষ্ঠানে ইন হাউজ প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বিরামপুর উপজেলা ছাড়াও ঘোড়াঘাট উপজেলায় অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। তিনি সভায় আরও জানান যে, PIN কোড বলে দেয়ার কারণে অনেকের টাকা অন্যের হাতে চলে যাচ্ছে। এতে ভাতাভোগী বিপাকে পড়ছে। তিনি প্রতিটি মসজিদে খুৎবার সময় PIN কোড বলা যাবে না মর্মে সতর্ক বার্তা দিলে এটি প্রতিরোধ করা সম্ভব হবে মর্মে প্রত্যাশা করেন। ইদের আগের দিন উপকারভোগীরা ভাতা পেয়েছেন। যারা আবেদন করেছিলেন অথচ এখনও কোন ভাতার আওতায় আসেননি কিন্তু ভাতা পাওয়ার যোগ্য তারা পুনরায় Online-এ আবেদন করতে পারবেন। তিনি আরও জানান যে, পুরাতন আশ্রয়ণ প্রকল্পগুলোতে ঋণ আদায় কম হচ্ছে। বিশেষ বরাদ্দ পাওয়া না গেলে নতুন আশ্রয়ণগুলোতে একক গৃহবাসীদের ঋণ প্রদান করা সম্ভব হবে না মর্মে তিনি সভায় উল্লেখ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপকারভোগীদের PIN কোড অন্যকে বলা যাবে না মর্মে সতর্ক করার জন্য ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা, চেয়ারম্যান, উপজেলা পরিসদ, সকল ইউপি এবং ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, তার কার্যালয়ের ২৩.০৩.১৯৯৭ খ্রি. তারিখের বিরাম/প্রশা-২৫/৯৭/১৪৫ সংখ্যক স্মারক মূলে পল্লীভবন নির্মাণের জন্য প্রদত্ত ০.৫০ একর জায়গায় নির্ধারিত স্থানে সঠিক প্লান এবং নির্ধারিত জায়গার বিস্তারিত বিবরণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাইট প্লান ও জমি হস্তান্তর পত্র প্রেরণ করা হয়। নির্ধারিত স্থানের গভীরতা ২ ফুট ৬ ইঞ্চি মাটি দ্বারা ভরাট করার জন্য বরাদ্দ চাওয়া হয়েছিল। কিন্তু হস্তান্তরিত জায়গায় পল্লীভবন নির্মাণ হয়নি। গাইবান্ধা জেলায় পল্লীভবন নির্মাণ প্রকল্প বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় ব্যাপক কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টি হওয়ায় এর সফলতাকে কাজে লাগিয়ে পল্লীভবন নির্মাণের কম্পোনেন্ট প্রস্তাবিত ডিপিপিতে অন্তর্ভূক্ত করা হয়েছে মর্মে তিনি অবহিত করেন।<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর প্রকল্প পরিচালকের কার্যালয়, গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র দূরীকরণ প্রকল্প, বিআরডিবি, গাইবান্ধার স্মারক নং-৪৭.৬২.৩২০০.৯৭৬.০২.২০১.২০.১৪৩, তারিখঃ ১৭.০৪.২০২৩ খ্রি. পত্রটি সভায় পাঠ করে শোনান। পত্রের মর্মানুযায়ী পল্লীভবন নির্মাণের প্রস্তাবনা ডিপিপিতে অন্তর্ভূক্তির লক্ষ্যে উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় পল্লীভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় পরিমান জায়গা বরাদ্দের সিদ্ধান্তের কপি অথবা ভবনের বরাদ্দ হলে প্রয়োজনীয় পরিমান জায়গা পল্লীভবন নির্মাণের জন্য বরাদ্দ দেয়া যাবে এরুপ উপজেলা নির্বাহী অফিসার/চেয়ারম্যান, উপজেলা পরিষদ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র জরুরীভিত্তিতে প্রকল্প পরিচালক বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। তিনি আজকের এ সভায় পল্লীভবন নির্মাণের জন্য পূর্বে হস্তান্তরিত ০.৫০ একর জায়গায় পল্লীভবন নির্মানের অনুমতি প্রদানের জন্য প্রস্তাব করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পল্লীভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় পরিমান জায়গা বরাদ্দের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের অনুমতি গ্রহণের লক্ষ্যে সভার কার্যবিবরণীসহ প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর।<br>২. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৮ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বার বার অনুরোধ করা সত্ত্বেও মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় কার্যবিবরণীসহ তালিকা সকল ইউনিয়ন পরিষদ হতে এখনও পাওয়া যায়নি। তিনি চাহিদা মোতাবেক তালিকা ও সভার কার্য়বিবরণী দ্রুত জমা প্রদানের জন্য অনুরোধ করেন। তিনি পুনরায় জানান যে, প্রতিমাসের ৫ তারিখের মধ্যে আবেদন করতে হবে। ১৬-২০ তারিখের মধ্যে যাচাই বাছাই, ২১-২৬ তারিখের মধ্যে অনুমোদন করে ১-৫ তারিখের মধ্যে Pay Roll পাঠানোর নির্দেশনা রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বাদ পড়া ইউনিয়নের কার্যবিবরণীসহ তালিকা দ্রুত পাঠানোর সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর।<br>২. সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| আলোচনাঃ ১৯ উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ওয়েব পোর্টাল হালনাগাদ নাই। প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে। সব অফিসেই সমস্যা আছে। উপজেলা শিক্ষা অফিস, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হালনাগাদ করা নেই। উপজেলা সেটেলমেন্ট অফিস ও উপজেলা প্রকৌশল দপ্তরে পূর্বের কর্মকর্তার নাম রয়ে গেছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। কারও কোন সমস্যা হলে প্রয়োজনে তিনি সহযোগিতা করবেন মর্মে সবাইকে আশ্বস্ত করেন।<br>এ পর্যায়ে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টালে তথ্য হালনাগাদ করার জন্য পুনরায় অনুরোধ করা হয়। | ১.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ২১ উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ০৭টি ব্যাচের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বরাদ্দ মোতাবেক প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে। দিনাজপুর জেলা কার্যালয়ের আওতায় প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সসমূহ চলমান রয়েছে।<br>পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি থেকে সর্বমোট ২০,৮০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =১৩,৯৮,৪০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =১৩,৬১,২৮০/- টাকা এবং আদায় হার শতকরা ৯৭%। আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে ২,৮২,০৬,০০০/- টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৪৫,১৯,৯০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ২,২২৭৯০৭৬/- টাকা এবং আদায় হার শতকরা ৯১%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, কাটলা কমিউনিটি ক্লিনিক চালু হয়েছে। স্বাভাবিক প্রসব করানোর উপযোগী হিসেবে প্রস্তুত করা হয়েছে। ক্লিনিকের হট লাইন নম্বরও দেয়া আছে। ক্লিনিকের গাছ কাটা প্রয়োজন মর্মে অবহিত করলে আবেদন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আশ্রয়ণ প্রকল্পের আওতায় একক গৃহে নলকূপ স্থাপনের কাজ শেষ হয়েছে। স্থাপিত নলকূপগুলোর বেশকিছুতে আয়রনের সমস্যা ছিল তা সমাধানের উদ্যোগ নেয়া হচ্ছে। পানি স্বাদ নিতে হবে তবেই বোঝা যাবে আয়রন আছে কিনা নাই। আয়রনমুক্ত সুপেয় পানির ব্যবস্থা করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পানির স্তর পরীক্ষা করে গভীরতা নিরুপণ কর আয়রণমুক্ত সুপেয় পানির ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪ উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। ৪০ দিনের কর্মসূচির খানপুর ইউনিয়ন হতে শ্রমিক তালিকা পাওয়া যায়নি মর্মে জানাননো হলে চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদকে দ্রুত শ্রমিক তালিকা দেয়ার জন্য অনুরোধ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদকে দ্রুত শ্রমিক তালিকা দেয়ার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর।<br>২. চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান পরিসংখ্যান তদন্তকারী এখনও অসুস্থ্য তিনি সকলের দোয়া চেয়েছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পরিসংখ্যান তদন্তকারীর আশু রোগমুক্তি কামনা করে দোয়া করা হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বেতের গাছে আগুন লেগে আগুন উপরদিকে উঠে যাচ্ছে এতে বনে আগুন লেগে যেতে পারে। তিনি আরও জানান যে, বনবিভাগের জায়গা দখল করে যারা ঘরবাড়ি নির্মাণ করে বসবাস করছেন তারা আশ্রয়ন প্রকল্পের আওতায় একক গৃহে চলে গেলে বন বিভাগের প্রায় ১০০ (একশত) একর জমি উদ্ধার হবে। এর ফলে বনের পরিবেশ ভাল হবে। এ ছাড়াও শাল গাছের ছাল তুলে ফেলার কারণে শাল গাছ মরে যাচ্ছে। এটি প্রতিরোধ করতে হবে। এ প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার বসবাসকারীদেরকে মৌখিকভাবে উঠে যাওয়ার তাগিদ দেয়ার অনুরোধ করেন। যদি তাতে কাজ না হয় তবে নোটিশ দেয়ার পরামর্শ দেন। এতেও তারা চলে না গেলে বিধি মোতাবেক আইন প্রয়োগ করে তাদেরকে উচ্ছেদ করতে হবে মর্মে বক্তব্য প্রদান করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বন বিভাগের জায়গায় বসবাসকারীদের উচ্ছেদ করার জন্য বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বিষয়ভিত্তিক প্রশিক্ষণ চলছে। এবারের বিষয় বাংলা। যে শিক্ষকবৃন্দ বিষয়ভিত্তিক প্রশিক্ষণ গ্রহণ করেছেন তারাই প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করছেন। প্রশিক্ষণলব্ধ জ্ঞান কিভাবে প্রয়োগ করছেন তা মনিটরিং করার জন্য ঐ বিদ্যালয়গুলোতে যেতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ কিভাবে প্রশিক্ষণলব্ধ জ্ঞান বিদ্যালয়ে প্রয়োগ করছেন তা মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | ১-২. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর<br>২. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আবারও উঠান বৈঠক হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, স্বাভাবিক কার্যক্রম চলছে।<br>তিনি আরও জানান যে, মে ২০২৩ মাসে বাজেট হবে। এ উপজেলার জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনা করতে হবে। পঞ্চবার্ষিকী পরিকল্পনা না থাকার কারণে নম্বরের দিক থেকে কিছুটা পিছিয়ে আছে বিরামপুর উপজেলা। ১৭টি উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে দিতে হবে। ইউনিয়ন পরিষদের মাসিক মিটিং হয় কি-না? এ মিটিং এর কার্যবিবরণীও ওয়েব পোর্টালে দিতে হবে। আগামী ২২ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে সকল কাজ সম্পন্ন করতে হবে। পূর্বেই পরিকল্পনা গ্রহণ করে কাজ বাস্তবায়ন করতে হবে। এ বিষয়গুলো | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সংশ্লিষ্ট ১৭টি দপ্তরকে বিরামপুর উপজেলার জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ১৭ কমিটির সদস্য-সচিব ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. Upazila Development Facilitator, বিরামপুর<br>২. **সদস্য-সচিব, উপজেলা পরিষদের ১৭টি কমিটি এবং চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ,** বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | মনিটরিং করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য ৩টি IPS, IPS এর জন্য ২টি ব্যাটারী, IPS এর সাথে সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রাংশ ক্রয় এবং প্রতিস্থাপনের লক্ষ্যে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প থেকে ১০,০০,০০০.০০ (দশলক্ষ) টাকার ১টি প্রকল্প নেয়ার এবং ১০টি বিদ্যালয়ের শিক্ষার্থীদের ICT বিষয়ে জ্ঞান অর্জনের জন্য ল্যাপটপ ও প্রজেক্টর সরবরাহ সংক্রান্ত ১টি প্রকল্প গ্রহণের জন্য প্রস্তাব করা হয়। চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নে একটি স্কাউট ভবন নির্মাণ করা প্রয়োজন। সে কারণে তিনি কাটলা ইউনিয়নে ১টি স্কাউট ভবন নির্মাণের প্রস্তাব করেন। | ৩. ৩টি IPS, IPS এর জন্য ২টি ব্যাটারী, IPS এর সাথে সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রাংশ ক্রয় এবং প্রতিস্থাপনে এবং ১০টি বিদ্যালয়ের জন্য ল্যাপটপ এবং কাটলায় স্কাউট ভবন নির্মাণের চাহিদা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩. **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,** বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তার ইউনিয়নের রাস্তাটি করার জন্য তিনি অনুরোধ করেন এবং পুকুরের মালিককে গাইড ওয়াল নির্মাণ করে দেয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। কারণ পুকুরের কারণে রাস্তা ভেঙ্গে যাচ্ছে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, কাটলা বাজার থেকে চাকুল মোড় পর্যন্ত রাস্তার অবস্থা খুব খারাপ। রাস্তাটি সংস্কার করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পুকুরের মালিককে গাইড ওয়াল নির্মাণ করে দেয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৬<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, চৌঘরিয়া গ্রামে যেখানে ইউ ড্রেন প্রয়োজন সেখানে ইউ ড্রেন নেই। গ্রামের পানি নিষ্কাশনের জন্য যে ড্রেন নির্মাণ করা হয়েছে তা কোন কাজে লাগছে না। চৌঘরিয়া গ্রামের পশ্চিম দিক হতে পানি পূর্বদিকে নদীতে চলে যায়। এখানেই ইউ ড্রেনটি প্রয়োজন। এ ছাড়াও পানি উন্নয়ন বোর্ড, দিনাজপুর কর্তৃক নদী খননকৃত মাটি জমা করে রেখেছে। বৃষ্টি হলে পানি জমা হয়ে ফসলের মাঠ প্লাবিত হবে এবং ফসলের ব্যাপক ক্ষতি হবে। দ্রুত মাটি নিলামের ব্যবস্থা করার জন্য তিনি অনুরোধ করেন। কাটলা হাটে ড্রেন নির্মাণ করার জন্যও তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. চৌঘরিয়া গ্রামের পশ্চিম দিক হতে পূর্বদিকে নদীতে পানি নিস্কাশনের জন্য চৌঘরিয়া গ্রামের পূর্ব-পশ্চিমে ইউ ড্রেন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নদী খননকৃত মাটি দ্রুত নিলামের ব্যবস্থা করার জন্য পানি উন্নয়ন বোর্ড কর্তৃপক্ষকে অনুরোধ হয়।<br>৪. হাট-বাজারের অর্থ হতে কাটলা হাটের ড্রেন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর।<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।<br>৩. পানি উন্নয়ন বোর্ড দিনাজপুর।<br>৪. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৭<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তার ইউনিয়নের বেইলী ব্রীজটি আগামী বর্ষার আগে ব্রীজটি মেরামত করা না হলে ব্রীজটি ভেঙ্গে যেতে পারে। এতে জনদুর্ভোগ বাড়বে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, তার বাড়ির কাছেই বেইলী ব্রীজটি। তিনিও জনদুর্ভোগ এড়াতে দ্রুত বেইলী ব্রীজটির কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করেন।<br>এ পর্যায়ে উপজেল নির্বাহী অফিসার, বিরামপুর বেইলী ব্রীজ সম্পর্কে তথ্য প্রদানের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করলে উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, বেইলী ব্রীজের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুরের সাথে আলোচনা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. জনদুর্ভোগ এড়াতে দ্রুত বেইলী ব্রীজটির কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪০<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনিও সহমত পোষন করে বেইলী ব্রীজটি জরুরীভিত্তিতে সংস্কার/মেরামত করার জন্য অনুরোধ জানান। কারণ এ ব্রীজটির জন্য জনসাধারণের চলাচলে খুব সমস্যা হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর দিনাজপুর সভায় সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৩<br>মেয়র; বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর সভায় বিরামপুর, দিনাজপুর সভায় উপস্থিত সবাইকে ইদ-উল-ফিতরের শুভেচ্ছা জানান। কোন দুর্ঘটনা ছাড়াই সুন্দরভাবে এবং স্বচ্ছন্দে ইদ উদযাপন করতে পেরে পৌরবাসীর পক্ষ থেকে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর ও অফিসার ইনচার্জ, বিরামপুর থানা এবং তাদের টিমকে ধন্যবাদ জানান। তিনি রোস্টার অনুযায়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দায়িত্বপ্রাপ্ত ডাক্তার, নার্সসহ অন্যান্যদের যথাযথভাবে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করেন। তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চাহিদা জানানোর জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান। বিরামপুরের উন্নয়নের স্বার্থে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অবশ্যই বাস্তবায়ন করতে হবে মর্মে তিনি উল্লেখ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দুর্ঘটনা ছাড়া সুন্দরভাবে এবং স্বচ্ছন্দে ইদ উদযাপন করতে পেরে পৌরবাসীর পক্ষ থেকে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর ও অফিসার ইনচার্জ, বিরামপুর থানা এবং তাদের টিমকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৪<br>ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ | সবাইকে ইদের শুভেচ্ছা জানিয়ে বলেন যে, বিরামপুর উপজেলার উন্নয়নে সকলে মিলে সমন্বয় করে কাজ করতে হবে। তিনি আরও জানান যে, বর্ষা মৌসুম শুরু হওয়ার আগেই রাস্তা-ঘাট সংস্কার/ মেরামত করতে হবে। | -- | -- |
| আলোচনাঃ ৪৫<br>ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | সবাইকে ইদ-উল-ফিতরের শুভেচ্ছা জানান। | -- | -- |
| বিবিধ<br>আলোচনাঃ৪৬ | **ক.** উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের মেইন গেটের কাজ করার জন্য স্থানীয় সরকার বিভাগ থেকে বরাদ্দ প্রদান করা হয় এবং টেন্ডারও হয়। কিন্তু ঠিকাদার কাজ না করায় বিষয়টি চাপা পড়ে যায়। তিনি সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে যোগাযোগ করে বিস্তারিতভাবে জানানোর জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ জানান।<br>খ. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর সভায় জানান যে, শালবাগান এলাকায় যেখানে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বসবাস করেন সেখানে বিদ্যুৎ থাকে না। প্রায় ৬ ঘন্টা বিদ্যুৎ থাকে না। শালবাগান এলাকার জনগণ গরমে খুব কষ্ট পাচ্ছে। এছাড়াও আগামী ৩০ এপ্রিল ২০২৩ থেকে এসএসসি পরীক্ষা শুরু হবে। বিদ্যুৎ না থাকলে পরীক্ষার্থীদের সমস্যা হবে। এ প্রেক্ষিতে ডেপুটি জেনারেল ম্যানেজার সভায় জানান যে, বোরো ধানে সেচের প্রয়োজন শেষ হওয়ায় লোডশেডিং কমে আসবে। তারপর বিদ্যুৎ নিয়ন্ত্রণে আসবে। | **ক.** উপজেলা পরিষদের মেইন গেটের কাজ করার জন্য স্থানীয় সরকার বিভাগ থেকে বরাদ্দ প্রদান সত্বেও কেন কাজটি হয়নি এ বিষয়ে বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | **ক.** উপজেলা প্রকৌশলী, বিরামপুর। |

৪৭. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**মার্চ/২০২৩ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের সম্মানীভাতা, বাসা ভাড়া ও ভ্রমণভাতা প্রদান | =৭০,০০০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের সম্মানীভাতা ও জানুয়ারি হতে মার্চ ২০২৩ মাসের ভ্রমণভাতা প্রদান | =৯৩,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ১ জন পরিচ্ছন্নতাকর্মীর মার্চ/২০২৩ মাসের ২৮ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান। | =১৫,৪০০/- |
| ০৪ | মার্চ/২০২৩ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | মার্চ/২০২৩ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | মার্চ/২০২৩ মাসের বিদ্যুৎ বিল পরিশোধ | =২০,৯১০/- |
| ০৭ | ম্যানেজার, মেসার্স শর্মিলী ফিলিং স্টেশন, ফুলবাড়িকে জানুয়ারি হতে মার্চ/২০২৩ পর্যন্ত ৩মাসের জ্বালানী তেলের বিল প্রদান ও ৫% ভ্যাট জমাকরণ। | =৭৪,৩৬৪/-<br>=৩,৭১৮/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ সবাইকে ইদ-ইল-ফিতরের শুভেচ্ছা জানিয়ে সভায় বলেন যে, দিনাজপুর-৬ আসনের ৪ উপজেলার মধ্যে বিরামপুর উপজেলা এগিয়ে যাচ্ছে। এ ধারাবাহিকতা ধরে রাখতে হবে। করোনাকাল ২০১৯ হতে সকলে মিলে কাজ করে করোনাকে জয় করা সম্ভব হয়েছে। মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ জনাব শিবলী সাদিক এ বন্ধন তৈরী করে দিয়েছেন। বিরামপুরের উন্নয়নে প্রতিমাসে এ সভার মাধ্যমে আলাপ-আলোচনা করে মাননীয় প্রধানমন্ত্রীর সকল প্রতিশ্রুতি বাস্তবায়নে সকলে মিলে কাজ করা হয়। কিন্তু সাধ থাকলেও সাধ্য না থাকার কারণে অনেক কাজ করা সম্ভব হচ্ছে না। মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলে মিলে কাজ করে অবদান রেখে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। মাননীয় জাতীয় সংসদ সদস্যের অভিপ্রায় বিরামপুরকে জেলায় পরিনত করা। সে লক্ষ্য নিয়েই তিনি কাজ করে যাচ্ছেন। দক্ষ কর্মকর্তার কারণে ১৩ উপজেলার মধ্যে বিরামপুর এগিয়ে যাচ্ছে। কাজের পরিধি অনেক বেড়ে গেছে। কিন্তু লোকবল কম। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় এবং উপজেলা প্রকৌশল দপ্তরে লোকবল খুবই কম। তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্যের সাথে আলোচনা করে লোকবল বাড়ানোর উদ্যোগ নিবেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২২.৭০৮/১(৪৮) তারিখঃ ১০.০৫.২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব ..................................................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর
০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৯. উপজেলা.............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০. চেয়ারম্যান, ................................................................, ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১১. জনাব ................................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১০.০৫.২৩

পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

ASMA - Bibith